

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯২]

১৬/ (প্রার্থনামূলক) দো'আসমূহ (کتاب الدعوات)

পরিচ্ছেদঃ ২৫০: দো'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতিপয় দো'আর নমুনা

(250) بَابُ فَضْل الدُّعَاءِ

আরবী

وَعَنْ أَبِيْ أُمَامَة رضي الله عنه قَالَ: دَعَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بدُعَاءٍ كَثِيْرٍ، لَمْ نَحْفَظْ مِنْهُ شَيْئًا، قُلْنَا يَا رَسُولَ اللهِ دَعَوْتَ بِدُعَاءٍ كَثِيْرٍ لَمْ عَلَىٰ مَا يَجْمَعُ ذَلِكَ كُلَّهُ ؟ تَقُوْلُ: «اَللهم إِنِّيْ أَسْأَلُكَ مِنْ خَفْظْ مِنْهُ شَيْئًا، فَقَالَ: «أَلَا أَدُلُّكُمْ عَلَىٰ مَا يَجْمَعُ ذَلِكَ كُلَّهُ ؟ تَقُوْلُ: «اَللهم إِنِّيْ أَسْأَلُكَ مِنْ خَيْرِمَا سَأَلُكَ مِنْ شَرِّ مَا اسْتَعَاذَ مِنْهُ نَبِيُّكَ مُحمَّدٌ، وَأَنْتَ خَيْرِمَا سَأَلُكَ مِنْ شَرِّ مَا اسْتَعَاذَ مِنْهُ نَبِيُّكَ مُحمَّدٌ، وَأَنْتَ المُسْتَعَانُ، وَعَلَيْكَ الْبَلَاغُ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلاَّ بِاللهِ» رواهُ الترمذيُّ وقَالَ: حديثُ حَسَنٌ .

বাংলা

২৮/১৫০০। আবৃ উমামাহ্ রাদিয়াল্লাছ্ আনছ্ হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম অগণিত দো'আ করেছিলেন, তার কোনটি আমরা স্মরণ রাখতে পারলাম না। আমরা বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম! আপনি অধিক সংখ্যক দো'আ করেছেন, তার কিছুই আমরা মনে রাখতে পারিনি। তিনি বললেন: তোমাদেরকে আমি কি এরূপ একটি দো'আ শিখিয়ে দেব না, যা সব দো'আকে সংযুক্ত করবে? তোমরা বল: "আল্লাভ্ম্মা ইন্নী আসআলুকা মিন খাইরি মা সাআলাকা মিনছ্ নাবিয়্যুকা মুহাম্মাদুন সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম, ওয়া আ'উযু বিকা মিন শাররি মাস্তা'আযাকা মিনছ্ নাবিয়্যুকা মুহাম্মাদুন সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম, ওয়া আনতাল মুসতা'আনু ওয়া আলাইকাল বালাগ, ওয়ালা হাওলা ওয়ালা কুওওয়াতা, ইল্লা বিল্লাহ'' (হে আল্লাহ! তোমার নিকট সেই সকল কল্যাণ কামনা করছি, যা তোমার নবী মুহাম্মদ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তোমার নিকট প্রার্থনা করেছেন। আর তোমার নিকট সেই সকল অকল্যাণ হতে আশ্রয় কামনা করছি যে সকল অকল্যাণ হতে তোমার নবী মুহাম্মদ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আশ্রয় প্রার্থনা করেছেন। তুমিই সাহায্যকারী। তোমার নিকট সব পৌঁছে যাবে এবং তোমার সাহায্য ছাড়া গুনাহ থেকে বিরত থাকার ও পুণ্য করার ক্ষমতা কারো নেই। (তিরমিযী হাদিসটিকে হাসান বলেছেন) [1]

English



(250) Chapter: Issues regarding Supplications, their Virtues and Supplications of the Prophet (pbuh)

Abu Umamah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah () made many supplications which we did not memorize. We said to him: "O Messenger of Allah! You have made many supplications of which we do not remember anything." He said, "Shall I tell you a comprehensive prayer? Say: 'Allahumma inni as'aluka min khairi ma sa'alaka minhu nabiyyuka Muhammadun sallallahu 'alaihi wa sallam. Wa 'a'udhu bika min sharri mas-ta'adha minhu nabiyyuka Muhammadun sallallahu 'alaihi wa sallam. Wa Antal-Musta'anu, wa 'alaikal-balaghu, wa la hawla wa la quwwata illa billah (O Allah, I beg to You the good which Your Prophet Muhammad () begged of You; and I seek refuge in You from the evil where from Your Prophet Muhammad () sought refuge. You are the One from Whom help is sought and Your is the responsibility to communicate (the truth). There is no power or strength except with Allah the Exalted, the Great."

[At-Tirmidhi]

ফুটনোট

[1] এ হাদীসটি দুর্বল। লাইস ইবনু আবী সুলাইমের মস্তিষ্ক বিকৃত ঘটার কারণে। দেখুন "য'ঈফা" (৩৩৫৬), "য'ঈফু তিরমিযী" (৩৫২১) ও "য'ঈফু আদাবিল মুফরাদ" (৬৭৯)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন